

প্রচ্ছদ

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

আরো

ফটো গ্যালারি

আমাদের সম্পর্কে

যোগাযোগ করুন

ভিডিও

হাট সম্পর্কে মানুষকে সচেতন করার জন্য রামঠাকুর কলেজে বিশেষ অনুষ্ঠান

Posted on July 17, 2017 by santanu99 —

আপডেট প্রতিনিধি, আগরতলা, ১৭ জুলাই ॥ চিকিৎসা বিজ্ঞানশাস্ত্রে মানুষের দেহে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হাট বা হৃদয়। হাটে যে কোন সময় সমস্যা দেখা দিতে পারে। বর্তমানে আমাদের দেশের জনসংখ্যার একটা বড় অংশ হাট সমস্যায় ভুগছেন। মানব দেহের অভ্যন্তরে রক্ত সঞ্চালনে হৃদয় যন্ত্রের উপর পুরোপুরি নির্ভর জীবন রেখা। হাটের সুস্থতা হচ্ছে জীবনের গ্যারান্টি। আধুনিকতার সঙ্গে সঙ্গে পরিবর্তন হচ্ছে জীবন ধারা। সেই ধারাতে এমুহূর্তে পরিবর্তন লক্ষ্য করা যায় চিরায়ত খাদ্যাভাবে, সেই সঙ্গে অনিয়ন্ত্রিত জীবন প্রনালী অসময়ে মৃত্যু ডেকে আনছে। সাম্প্রতিক সময়ে হাটের অসুখ কিংবা পেসমেকার সর্বজনবিদিত। অমূল্য জীবন মানুষের দৌলতেই মূল্যহীন হয়ে যাচ্ছে তার পেছনে রয়েছে নানা কারণ। গোটা পৃথিবীতেই বেড়ে চলেছে হাটের সমস্যাক্রান্ত মানুষের সংখ্যা। হাটের অসুখের চিকিৎসা অসুত ব্যববহুল ফলে এই রোগ থেকে মুক্ত থাকতে চিকিৎসকরা সংবাদ মাধ্যমে প্রতিনিয়ত মানুষকে সচেতন করার প্রয়াস জারী রেখেছে তারপরেও হৃদয় ঘটিত রোগাক্রান্তের সংখ্যা ক্রমবর্ধমান।

সোমবার আগরতলা বাধারঘাটস্থিত রামঠাকুর কলেজে তিনদিন ব্যাপী সুবর্ণজয়ন্তী উৎসবের সমাপ্তি দিনে হাট এট্যাক সম্পর্কিত এক জনসচেতনতামূলক আলোচনাচক্রে রাজ্যের প্রথম সুপার স্পেসিালিটি হাসপাতাল আই এল এস-র তরফে ডাঃ জয়ন্ত আচার্য মানুষের কাছে আবেদন করেছে মধুমেহ, রক্তচাপ নিয়ন্ত্রন সঙ্গে প্রত্যেকটা মানুষকে শারীরিক ব্যায়াম এবং হাটের অভ্যাসই হাটের অসুখ থেকে নিস্তার দিতে পারে। জীবনের আনন্দ উপোভোগে সুস্থ সবল

ভাবে বেঁচে থাকতে জীবনশৈলীর পরিবর্তন একান্ত অপরিহার্য বলে অভিমত ব্যক্ত করেছেন তিনি। ডাঃ আচার্য বলেন, ধূমপানের প্রবনতায় উদ্বেগজনক ভাবে বাড়ার ফলে হৃদয় ঘটিত ব্যাধি ব্যাপক ভাবে বৃদ্ধি হচ্ছে। হাট অ্যাটাক, স্ট্রোকে আক্রান্ত হচ্ছে প্রতিনিয়ত সাধারণ মানুষ। এই আলোচনাচক্রে জীবন বাঁচাতে সতর্কবাণী উচ্চারণ করেছেন আই এল এস



হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরা। রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসের সহযোগিতায় আয়োজিত হাট সম্পর্কিত জনসচেতনতামূলক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আই এল এস হাসপাতালের ডেপুটি মার্কেটিং ম্যানেজার সুমন্ত বিশ্বাস, ডাঃ জয়ন্ত আচার্য সহ রামঠাকুর কলেজের বর্তমান ও প্রাক্তন অধ্যাপক-অধ্যাপিকা, বর্তমান ও প্রাক্তন ছাত্র-ছাত্রীরা। অনুষ্ঠানে রামঠাকুর কলেজের রসায়ন বিভাগের প্রধান তথা সহকারী অধ্যাপক ডঃ অরিজিৎ দাস অতিথিদের হাতে পুষ্পস্তবক, উত্তরীয় ও স্মারক তুলে দিয়ে সংবর্ধনা জানান।



This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/16663>].